মেহেরপুর-১ ও ২ আসনে জামায়াত প্রার্থীদের মনোনয়নপত্র উত্তোলন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী মেহেরপুর-১ আসনের মাওলানা তাজউদ্দিন খান এবং মেহেরপুর-২ আসনের নাজমুল হুদা মনোনয়নপত্র উত্তোলন করেছেন।

বুধবার (১৭ ডিসেম্বর) দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা রিটার্নিং কর্মকর্তা ড. সৈয়দ এনামুল কবিরের কাছ থেকে তারা মনোনয়নপত্র সংগ্রহ করেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, পৌর আমীর সোহেল রানা ডলারসহ দলের অন্যান্য নেতাকর্মীরা।

জামায়াতে ইসলামী সূত্রে জানা গেছে, দলটি আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় নির্বাচনে সক্রিয়ভাবে অংশগ্রহণের প্রস্তুতি নিচ্ছে। মেহেরপুরের দুটি আসনে দলের মনোনয়নপ্রাপ্ত প্রার্থীরা নির্বাচনী প্রচারণায় নামার জন্য মনোনয়নপত্র উত্তোলনকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখছেন।

মেহেরপুর-১ আসনে বিএনপি প্রার্থী মাসুদ অরুণের পক্ষে

মনোনয়নপত্র উত্তোলন

মেহেরপুর-১ (মেহেরপুর সদর ও মুজিবনগর) আসনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের পক্ষে মনোনয়নপত্র উত্তোলন করা হয়েছে।

বুধবার (১৭ ডিসেম্বর) দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা রিটার্নিং কর্মকর্তা ড. সৈয়দ এনামুল কবিরের কাছ থেকে তাঁর প্রতিনিধি দল এ মনোনয়নপত্র সংগ্রহ করে।

মনোনয়নপত্র উত্তোলন করেন প্রার্থী মাসুদ অরুণের ছোট ভাই ও মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন। এ সময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন আনোয়ারুল হক কালু ও অ্যাডভোকেট মোখলেসুর রহমান স্বপনসহ সংশ্লিষ্ট প্রতিনিধিরা।

মনোনয়নপত্র উত্তোলন শেষে উপস্থিত নেতৃবৃন্দ জানান, মেহেরপুর-১ আসনে বিএনপির সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করতে দলীয় নেতা- কর্মীরা ঐক্যবদ্ধভাবে মাঠে কাজ করবেন। তারা বলেন, নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের মাধ্যমে জনগণের প্রত্যাশা ও অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি দৃঢ় অবস্থানে রয়েছে।

সরকার ও নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মনোনয়নপত্র উত্তোলনের শেষ দিন নির্ধারণ করা হয়েছে ২৯ ডিসেম্বর। তফসিল অনুসারে, ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি চতুর্দশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

মেহেরপুর-১ আসনে বিএনপির মনোনীত প্রার্থী হিসেবে মাসুদ অরুণের মনোনয়নপত্র উত্তোলনের মধ্য দিয়ে নির্বাচনী প্রস্তুতির আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে বলে মনে করছেন দলীয় নেতাকর্মীরা।

মেহেরপুর ১ ও ২ আসনে বিএনপি ও জামায়াত প্রার্থীদের মনোনয়নপত্র উত্তোলন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসন থেকে বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণের মনোনয়নপত্র তার পক্ষে উত্তোলন করেছেন তাঁর ছোট ভাই মারুফ আহমেদ বিজন।

একই দিনে মেহেরপুর-১ ও মেহেরপুর-২ আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থীদের মনোনয়নপত্রও উত্তোলন করা হয়।

মেহেরপুর-১ আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী তাজউদ্দিন খান এবং মেহেরপুর-২ আসনে প্রার্থী নাজমুল হুদার মনোনয়নপত্র উত্তোলন করেন।

বুধবার দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তাড. সৈয়দ এনামুল কবির তাদের হাতে তুলে দেন।

‎গাংনীতে রাস্তা নির্মাণে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার কুঞ্জনগর গ্রামের রাস্তা নির্মাণে নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে ঠিকাদারের বিরুদ্ধে। স্থানীয়রা বারবার গাংনী উপজেলা এলজিইডি প্রকৌশলীকে অবহিত করেও কোনো লাভ হয়নি। বরং অভিযোগকারীদের ওপর ক্ষিপ্ত হয়ে ওঠেন প্রকৌশলী রোকনুজ্জামান।

গাংনী উপজেলার হুদাপাড়া কুঞ্জনগর বালিকা বিদ্যালয় মোড় থেকে

মিনাপাড়া হাই স্কুলের মোড় পর্যন্ত ৬৬০ মিটার রাস্তা সংস্কারের জন্য ৩৫ লক্ষ ৩ হাজার ৬৭ টাকা বরাদ্দকৃত অর্থে কাজ করছেন মেসার্স মোকলেস ট্রেডার্স এন্টারপ্রাইজ। বর্তমান কাজ বাস্তবায়ন করছে বামুন্দি বাজারের বিশিষ্ট ব্যবসায়ী সোহাগ ট্রেডার্স।

সরকারিভাবে ১ নম্বর ইটের খোয়া ব্যবহারের নিয়ম থাকলেও সেখানে ইটভাটার পরিত্যক্ত ৩ নম্বর ইটের রাবিশ দিয়ে রাস্তা নির্মাণ করা হচ্ছে।

গাংনী উপজেলা প্রকৌশলী রোকনুজ্জামান গাংনীতে যোগদানের পর থেকে ঠিকাদার প্রতিষ্ঠানের কাছ থেকে আর্থিক সুবিধা নিয়ে নিম্নমানের সামগ্রী ব্যবহার করার নির্দেশ দিয়েছেন বলে অভিযোগ স্থানীয়দের।

এছাড়াও গাংনী উপসহকারী প্রকৌশলী ইমরান হাসানের ওপর রাস্তাটি দেখভালের দায়িত্ব থাকলেও তিনি রাস্তার সাইটে দায়িত্ব পালন করেননি। ঠিকাদার ইচ্ছামতো নিম্নমানের সামগ্রী ব্যবহার করে রাস্তা নির্মাণ করছেন।

স্থানীয়দের অভিযোগে সরেজমিনে দেখা গেছে, রাস্তাটি নির্মাণে সবই নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হচ্ছে। স্থানীয়রা এমন অনিয়মকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়ার দাবি করেন।

এ ব্যাপারে ঠিকাদার প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী সোহাগ জানান, সব ঠিকঠাক আছে। আমরা কাজ করছি, কারও কিছু করার থাকলে করুক।

এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী রোকনুজ্জামান জানান, নিম্নমানের নির্মাণসামগ্রী অপসারণ করা হবে এবং ঠিকাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন, রাস্তাটি দেখভালের জন্য উপসহকারী প্রকৌশলী ইমরান হাসানকে দায়িত্ব দেওয়া হয়েছিল। তাকে জিজ্ঞাসা করা হলে তিনি রাস্তার সাইটে যাননি বলে জানান।

মহান বিজয় দিবসে মেহেরপুর জেলা বিএনপি’র শ্রদ্ধাঞ্জলি

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে মেহেরপুরের কলেজ মোড় -এ শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণের মাধ্যমে এ শ্রদ্ধা জানানো হয়।

শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে নেতৃত্ব দেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাবেক সদস্য ইলিয়াস হোসেন, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ ও সাধারণ সম্পাদক শাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মনা।

এছাড়াও জেলা বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে অংশ নেন।

শ্রদ্ধাঞ্জলি শেষে নেতৃবৃন্দ মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুরে মাসুদ অরুণের নেতৃত্বে মিছিল

মহান বিজয় দিবস ২০২৫ ও স্বাধীনতার স্মরণে মেহেরপুর বিএনপির

উদ্যোগে একটি বর্ণাঢ্য বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার কলেজ মোড় থেকে এই মিছিলটি বের হয়।

এই মিছিলে নেতৃত্ব দেন মেহেরপুরে-১ আসনের মনোনীত প্রার্থী মাসুদ অরুন। এছাড়া উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজ সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়ন।

মিছিলে জেলা, পৌর, সদর ও মুজিবনগর উপজেলার বিএনপির নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মহান বিজয় দিবসে এবি পার্টি মেহেরপুর জেলা শাখার শ্রদ্ধাঞ্জলি ও শুভেচ্ছা বিনিময়

মহান বিজয় দিবস উপলক্ষে আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি), মেহেরপুর জেলা শাখার উদ্যোগে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা নিবেদন করা হয়। এ উপলক্ষে সকালবেলা শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী শহীদদের স্মরণ করা হয়।

বিজয় দিবস শুধু একটি দিবস নয়- এটি বাঙালি জাতির হাজার বছরের লাঞ্ছনা, শোষণ ও সংগ্রামের চূড়ান্ত বিজয়ের প্রতীক। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত এই স্বাধীনতা আমাদের গর্ব, আমাদের অহংকার এবং আমাদের দায়িত্ববোধের চিরন্তন প্রেরণা। এই দিনে এবি পার্টি মেহেরপুর জেলা শাখা নতুন প্রজন্মের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দেওয়া, গণতন্ত্র, ন্যায়বিচার ও মানুষের অধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনে বাংলাদেশ পার্টি (এবি পার্টি)’র মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ও সহকারী সমন্বয়ক মো: রফিকুজ্জামান রফিক, সহকারী সমন্বয়ক মো: নুরুজ্জামান তাজল এবং সহকারী সমন্বয়ক মোঃ আসাদুজ্জামান খান রাজু। স্থানীয় নেতাকর্মী, এ বি যুব পার্টির নেতাকর্মী ও সাধারণ মানুষের সঙ্গে বিজয় দিবসের শুভেচ্ছা বিনিময় করেন।

মো: রফিকুজ্জামান রফিক বলেন, “মহান বিজয় দিবস আমাদের মনে করিয়ে দেয়- এই দেশ কোনো উপহার নয়, এটি লাখো শহীদের রক্তের বিনিময়ে অর্জিত। বিজয়ের এই দিনে আমরা শপথ নিই, মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে একটি দুর্নীতিমুক্ত, মানবিক ও জনগণের কল্যাণভিত্তিক বাংলাদেশ গড়ে তুলব। এবি পার্টি মানুষের অধিকার ও মর্যাদা রক্ষায় আপোষহীনভাবে কাজ করে যাবে।”

মো: নুরুজ্জামান তাজল বলেন, “বিজয় দিবস আমাদের ঐক্য, সাহস ও আত্মত্যাগের শিক্ষা দেয়। শহীদদের স্বপ্নের বাংলাদেশ গড়তে হলে তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে হবে। গণতন্ত্র, ন্যায়বিচার ও সামাজিক সমতার ভিত্তিতে একটি শক্তিশালী রাষ্ট্র গঠনে এবি পার্টি বদ্ধপরিকর।”

শেষে এবি পার্টি মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে মহান বিজয় দিবসে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয় এবং স্বাধীনতার চেতনায় দেশ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুরে জামায়াতের বিজয় র্যালি

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার যুব বিভাগের উদ্যোগে বিজয় র্যালি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ৩টার দিকে জেলা জামায়াতে ইসলামীর আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দিন খানের নেতৃত্বে র্যালিটি অনুষ্ঠিত হয়।

র্যালিটি জেলা মডেল মসজিদের সামনে থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলী বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

র্যালিতে উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামীর সূরা কমিটির সদস্য ও সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমির মাহবুব উল আলম, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওলানা রুহুল আমিন, শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমির খান জাহান আলী, পৌর আমির সোহেল রানা ডলার, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি আব্দুস সালাম ও জেলা সেক্রেটারি সাইদুর রহমান।

গাংনীতে যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস উদযাপন

গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে শহরের উপজেলা পরিষদ প্রাঙ্গণে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে কর্মসূচির সূচনা হয়।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আনোয়ার হোসেন পুষ্পস্তবক অর্পণ করেন। গাংনী থানা পুলিশের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস। মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার সামসুল আলম সোনা। বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দও শ্রদ্ধা নিবেদন করেন।

এ সময় বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা শ্রদ্ধা নিবেদন করেন।

পরে কুচকাওয়াজ, আলোচনা সভা এবং বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়। উপস্থিত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পরিবারকে ফুল দিয়ে বিজয়ের শুভেচ্ছা জানান উপজেলা প্রশাসন।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আনোয়ার হোসেন। অনুষ্ঠানে বক্তব্য দেন গাংনী উপজেলা ভূমি কর্মকর্তা নাবিদ হোসেন, গাংনী থানার অফিসার ইনচার্জ উত্তম কুমার দাস, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার সামসুল আলম সোনা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আরশাদ আলী, প্রাণিসম্পদ কর্মকর্তা মোত্তালিব আলী এবং গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু প্রমুখ।

বক্তারা বলেন, যাঁদের জীবনের বিনিময়ে এবং বুলেটের মুখে জীবন বাজি রেখে জাতিকে এনে দিয়েছেন একটি লাল-সবুজ পতাকা ও একটি স্বাধীন সার্বভৌম দেশ, তাঁরা যুগে যুগে চিরঅমর হয়ে থাকবেন। তাঁদের আত্মত্যাগ জাতি কখনোই ভুলবে না। এভাবেই তাঁরা চিরকাল সম্মানিত হবেন।

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সম্মাননা প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ ডিসেম্বর) দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জয়া ধর মুমুর সঞ্চালনায় আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, সিভিল সার্জন ডাঃ এ কে এম আবু সাইদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা এবং সম্মানিয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা সংসদের নেতৃবৃন্দসহ আমন্ত্রিত অতিথিরা।

আলোচনা সভায় মুক্তিযোদ্ধাগন মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং বীর মুক্তিযোদ্ধাদের অবদানের কথা তুলে ধরেন। তারা বলেন, মুক্তিযোদ্ধাদের ত্যাগের বিনিময়েই আজকের স্বাধীন বাংলাদেশ। নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে সবাইকে ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের ফুল দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয় এবং সম্মানী ও উপহার সামগ্রী প্রদান করে অনুষ্ঠানের সমাপ্তি হয়।